*The Bangladesh Times*

তারিখ 11-JUN 1993 পৃষ্ঠা 7 কলাম ৭

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/কুমিল্লা/যশোর/রাজশাহী

## বিষয় ঃ এইচ এস সি পরীক্ষা ১৯৯৩–এর পরিচালনার জন্য ছাত্র, শিক্ষক অভিভাবক তথা সর্বস্তরের জনগণের সর্বাত্মক সহযোগিতা কামনা।

পরীক্ষা সুষ্ঠু, সুশৃংখল ও দুর্নীতিমুক্তভাবে পরিচালনার লক্ষ্যে সরকার ও শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত ভিজিলেন্স টীম প্রতিটি কেন্দ্রে সার্বক্ষনিকভাবে সক্রিয় থাকবে। পরীক্ষা চলাকালে কোনরূপ বিশৃংখলা সৃষ্টি কিংবা অসদুপায় অবলম্বন সম্পর্কে এ টীমের প্রতিবেদনের ভিত্তিতে যে কোন কেন্দ্রের পরীক্ষা আংশিক কিংবা সম্পূর্ণ বাতিল বা পরীক্ষা বাতিল করে দেওয়া হবে।

পরীক্ষা দায়িত্বে নিয়োজিত শিক্ষক/শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীদের কর্তব্যে অবহেলার জন্য চাকুরীচ্যুতি, সরকারী অনুদান বন্ধ ও কলেজের স্বীকৃতি বাতিলসহ কঠোর শাস্তি বিধানের ব্যবস্থা করা হয়েছে।

কেন্দ্র ও কলেজ কর্তৃপক্ষ, কলেজের শিক্ষক/শিক্ষিকা বা অন্য যে কোন ব্যক্তির কারনে পরীক্ষা পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হলে পরীক্ষা কেন্দ্র বাতিল সংশ্লিষ্ট ব্যক্তির চাকুরীচ্যুতি, সরকারী অনুদান বন্ধ এবং কলেজের স্বীকৃতি বাতিল করা হতে পারে।

আইন শৃংখলা রক্ষা এবং শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে বলবৎ থাকবে। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কেহ পরীক্ষা চলাক–লীন সময়ে পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে প্রবেশ করলে আইনতঃ দন্ডনীয় হবে।

পরীক্ষা কেন্দ্রে আইন–শৃংখলা ভংগকারী যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে পাবলিক পরীক্ষা অপরাধ আইনবলে তা ৎক্ষণিখভাবে বিচার করে কারাদন্ড অথবা অর্থদন্ড অথবা উভয় প্রকার দন্ড প্রদান করা হবে।

নকল করার অপরাধে দোষী ছাত্র–ছাত্রীকে (চার) বছর পর্যন্ত বহিস্কার করা যেতে পারে।

ডিএফপি(সে)৯৬২৭–১০/৬ (৬X২) সি–২৯৩২